Digital centre
তথ্য প্রচারে ব্যবস্থা
নিন।

প্রাপ্তি নং ৬২০
তারিখ ১৩/৯/২০
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সাতকানিয়া, চট্টগ্রাম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চট্টগ্রাম
(প্রবাসী কল্যান শাখা)
www.chittagong.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.১৫০০.২১০.১৬.০০১.২০. ৬৪

তারিখ: ২০ /০৮/২০২০খ্রি:

বিষয় : সরকারিভাবে বোয়েসেল- এর মাধ্যমে হংকং-এ মহিলা গৃহ সহায়ক কর্মী (Female Domestic Helper) প্রেরন সংক্রান্ত বিজ্ঞাপন প্রচার।

সূত্র : বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড এর স্মারক নং০১৩৩, তারিখ: ০৯/০৮/২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারীভাবে বোয়েসেল এর মাধ্যমে হংকং-এ মহিলা গৃহ সহায়ক কর্মী (Female Domestic Helper) প্রেরন সংক্রান্ত বিজ্ঞাপনটি ব্যহল প্রচারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১.০৯.২০

মো: [illegible]
২০.০৮.২০২০
সহকারী কমিশনার
প্রবাসী কল্যান শাখা
জেলা প্রশাসকের কার্যালয়
চট্টগ্রাম

১। উপজেলা নির্বাহী অফিসার(সকল)
------------------------, চট্টগ্রাম।

২। উপ-পরিচালক
মহিলা বিষয়ক কর্মকর্তা
চট্টগ্রাম

# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন বিদেশে জনশক্তি প্রেরণকারী একটি সরকারি প্রতিষ্ঠান)

স্থাপিত-১৯৮৪

BOESL

21004032008120927

"মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান"

নং-বোয়েস/হংকং-২০১৯/৩১৪ - ২৮৩

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৭
০৯ আগস্ট ২০২০

**বিষয়: সরকারিভাবে বোয়েসেল-এর মাধ্যমে হংকং-এ মহিলা গৃহ সহায়ক কর্মী(Female Domestic Helper) প্রেরণে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনস্থ একটি রাষ্ট্রীয় মালিকানাধীন বিদেশে জনশক্তি প্রেরণকারী প্রতিষ্ঠান। স্বল্প ব্যয়ে ও নিরাপদে বিদেশে কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে এ সংস্থা বিদেশ গমনেচ্ছুক কর্মীদের নিরলস সেবা দিয়ে যাচ্ছে। এ প্রতিষ্ঠান হংকং-এ ৬,০০০ (ছয় হাজার) জন মহিলা গৃহ সহায়ক(Female Domestic Helper) নিয়োগের চাহিদা পত্র পেয়েছে।

২। উল্লেখ্য যে, প্রশিক্ষিত কর্মী হংকং-এ নিয়োগ প্রাপ্ত হলে তাদের মাসিক বেতন হবে প্রায় ৫১,০০০/- (একান্ন হাজার) টাকা এবং বাসস্থান, খাবার ও চিকিৎসা খরচ নিয়োগকারী বহন করবেন। কর্মীর শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম অষ্টম শ্রেণী/ জেএসসি/ জেডিসি এবং বয়স ২০-৩৫ বছর। প্রাথমিক বাছাইকৃত কর্মীদের বোয়েসেল-এর ব্যবস্থাপনায় ৩-৪ মাসের হাউজ কিপিং প্রশিক্ষণ দেয়া হবে। এছাড়া তাদের ক্যান্টনিজ ভাষার উপর প্রশিক্ষণ দেয়া হবে ( বিস্তারিত পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি সংযুক্ত)।

৩। চাহিদা পত্র ও চুক্তির শর্ত মোতাবেক উক্ত কর্মীদের ৩-৪ মাসের হাউজ কিপিং ট্রেনিং, হংকং-এর ক্যান্টনিজ ভাষার উপর প্রশিক্ষণ, কর্মীর বিমান ভাড়া এবং বোয়েসেলের সার্ভিস চার্জসহ মোট ১,৬৫,০০০/- (এক লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা প্রত্যেক কর্মী বহন করবে। হংকং-এ মহিলা গৃহ সহায়ক হিসেবে উপজাতীয় মেয়েদের যথেষ্ট চাহিদা রয়েছে। এছাড়া সাধারন মেয়েরা যাদের গৃহ সহায়ক কাজে পরিপূর্ণ ইচ্ছা ও ধৈর্য আছে তারাও আবেদন করতে পারবেন। দেশে বৈদেশিক রেমিটেন্স প্রবাহ বৃদ্ধি ও দরিদ্র মহিলাদের আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে হংকং গমনেচ্ছুক কর্মীদের সরকারিভাবে কর্মসংস্থানের জন্য বোয়েসেল কাজ করে যাচ্ছে। উল্লেখ্য যে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের বিনা খরচে প্রশিক্ষণ দেয়া হবে। প্রশিক্ষণ শেষে নিয়োগকর্তা কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত চাকুরি প্রাপ্ত প্রার্থীদের সকল খরচ পরিশোধ করতে হবে এবং প্রার্থী প্রবাসী কল্যাণ ব্যাংক থেকে শর্ত সাপেক্ষে ঋণ নিতে পারবে।

৪। আবেদনকারী ইমেল-এর মাধ্যমে hongkongcvboesl@gmail.com-এ আবেদন প্রেরণ করতে পারবে। বায়োডাটার নমুনা www.boesl.gov.bd বোয়েসেল ওয়েবসাইটে পাওয়া যাবে।

**৫। বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত প্রতি উপজেলা হতে গড়ে ১০০০ (এক হাজার) জন কর্মীর বৈদেশিক কর্মসংস্থানের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ নির্দেশনা বাস্তবায়নে সরকার বদ্ধপরিকর।**

৬। বর্ণিত অবস্থার প্রেক্ষাপটে সর্বাধিক সংখ্যক মহিলা গৃহ সহায়ক (Female Domestic Helper) কর্মীর আবেদনপত্র সংগ্রহের লক্ষ্যে বোয়েসেল এর বিজ্ঞাপনটি বহুল প্রচারের জন্য এবং সংশ্লিষ্ট জেলার মহিলাদের উৎসাহিত করার জন্য আপনার আওতাধীন সংশ্লিষ্ট সকল উপজেলা নির্বাহী অফিসারদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

জেলা প্রশাসক
চট্টগ্রাম

মো: সাইফুল হাসান বাদল
(অতিরিক্ত সচিব)
ব্যবস্থাপনা পরিচালক
বোয়েসেল, ঢাকা
মোবাইল নং: ০১৭১৩ ১৬২২৭০

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে
১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা


অফিস ঠিকানা :
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২ ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

যোগাযোগ নম্বর :
ফোন : +৮৮-০২-৯৩৩৬৫০৮, ৯৩৬১৫১৫ ও ৯৩৬১১২৫ (পিএবিএক্স)
ইমেইল : info@boesl.org.bd / mdboesl@gmail.com
ওয়েব : www.boesl.org.bd / www.boesl.portal.gov.bd
ফ্যাক্স : ৫৮৩১-৬৫৭৭, ৯৩৩০৬৫২

ফ্যাক্স : ৫৮৩১-৬৫৭৭, ৯৩৩০৬৫২

বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)
(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন বিদেশে জনশক্তি প্রেরণকারী একটি সরকারি প্রতিষ্ঠান)


"মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান"


বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)
(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন বিদেশে জনশক্তি প্রেরণকারী একটি সরকারি প্রতিষ্ঠান)
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা), ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
ফোন:+৮৮-০২-৪৮৩১৯১২৫, ৯৩৩৬৫০৮ ও ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স: +৮৮-০২-৫৮৩১৬৫৭৭, ৯৩৩০৬৫২
ইমেইল: info@boesl.gov.bd / md@boesl.gov.bd
ওয়েব: www.boesl.gov.bd


## বোয়েসেলের মাধ্যমে হংকং-এ মহিলা ডোমেস্টিক হেলপার (Female Domestic Helper) নিয়োগ বিজ্ঞপ্তি।

বিজ্ঞপ্তি নং-বোয়েস/হংকং-২০১৯/৩১৪/৫৯

তারিখ: ০৮.৩.২০২০ খ্রি.

| পদের নাম | পদের সংখ্যা | বেতন | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| মহিলা ডোমেস্টিক হেলপার (Female Domestic Helper) | ৬,০০০ (ছয় হাজার) | সর্বসাকুল্যে হংকং ডলার ৪৬৩০ (৫১,০০০/- টাকা প্রায়)। | ৩ মাস মেয়াদী হাউজ কিপিং ও ক্যান্টনিজ ভাষার উপরে প্রশিক্ষণ প্রাপ্ত। |

### চাকরির শর্তাবলী:

(১) দৈনিক ৮ (আট) ঘন্টা ডিউটি, সপ্তাহে ৬ (ছয়) দিন, ১ (এক) দিন ছুটি।

(২) চাকরির চুক্তি ২ (দুই) বছর (নবায়নযোগ্য)।

(৩) নিয়োগকর্তা বাসস্থান, খাওয়া, চিকিৎসা ও যাতায়াত ব্যয় বহন করবেন।

(৪) বয়স সীমা ২০ (বিশ) হইতে ৩৫ (পঁয়ত্রিশ) বছর।

(৫) শিক্ষাগত যোগ্যতা নূন্যতম অষ্টম শ্রেণী/জেএসসি/জেডিসি হতে হবে।

(৬) বিমানভাড়া ও অন্যান্য খরচসহ ট্রেনিং খরচ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং বোয়েসেলের সার্ভিস চার্জ ১৫,০০০/- (পনেরো হাজার) টাকা।

(৭) পাসপোর্ট না থাকলেও আবেদন করা যাবে তবে নির্বাচিত প্রার্থীদের পরে নিজ দায়িত্বে পাসপোর্ট করতে হবে।

(৮) থাকা খাওয়া ও বাসস্থান সুবিধাসহ ৩ মাস মেয়াদী হাউজ কিপিং ও ক্যান্টনিজ ভাষার উপরে অভিজ্ঞ প্রশিক্ষক দ্বারা প্রশিক্ষণ দেওয়া হবে।

(৯) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণ প্রবাসী কল্যাণ ব্যাংক থেকে শর্তসাপেক্ষে ঋণ নিতে পারবেন।

আগ্রহী মহিলা প্রার্থীদেরকে hongkongcvboesl@gmail.com ইমেইল-এ বায়োডাটা প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

বায়োডাটার বিস্তারিত বোয়েসেল ওয়েবসাইট www.boesl.gov.bd দেখুন।

ফোন নম্বর: +৮৮-০২-৪৮৩১৯১২৫, ৯৩৩৬৫০৮ ও ৪৮৩১৭৫১৫

আদেশক্রমে

08.3.2020

মো. সেলিম মোল্যা
(উপসচিব)
মহাব্যবস্থাপক
বোয়েসেল, ঢাকা।

২৪

"মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান"

মুজিববর্ষ ১০০


## বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন বিদেশে জনশক্তি প্রেরণকারী একটি সরকারি প্রতিষ্ঠান)

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা), ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

ফোন:+৮৮-০২-৪৮৩১৯১২৫, ৯৩৩৬৫০৮ ও ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)

ফ্যাক্স: +৮৮-০২-৫৮৩১৬৫৭৭, ৯৩৩০৬৫২

ইমেইল: info@boesl.gov.bd / md@boesl.gov.bd

ওয়েব: www.boesl.gov.bd


# বোয়েসেলের মাধ্যমে হংকং-এ মহিলা ডোমেস্টিক হেলপার (Female Domestic Helper) নিয়োগ বিজ্ঞপ্তি।

বিজ্ঞপ্তি নং-বোয়েস/হংকং ২০১৯/৩১৪/৫৯

তারিখ: ০৮.৩.২০২০ খ্রি.

| পদের নাম | পদের সংখ্যা | বেতন | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| মহিলা ডোমেস্টিক হেলপার (Female Domestic Helper) | ৬,০০০ (ছয় হাজার) | সর্বসাকুল্যে হংকং ডলার ৪৬৩০ (৫১,০০০/- টাকা প্রায়)। | ৩ মাস মেয়াদী হাউজ কিপিং ও ক্যান্টনিজ ভাষার উপরে প্রশিক্ষণ প্রাপ্ত। |

চাকরির শর্তাবলী:

(১) দৈনিক ৮ (আট) ঘণ্টা ডিউটি, সপ্তাহে ৬ (ছয়) দিন, ১ (এক) দিন ছুটি।

(২) চাকরির চুক্তি ২ (দুই) বছর (নবায়নযোগ্য)।

(৩) নিয়োগকর্তা বাসস্থান, খাওয়া, চিকিৎসা ও যাতায়াত ব্যয় বহন করবেন।

(৪) বয়স সীমা ২০ (বিশ) হইতে ৩৫ (পঁয়ত্রিশ) বছর।

(৫) শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম অষ্টম শ্রেণী/জেএসসি/জেডিসি হতে হবে।

(৬) বিমানভাড়া ও অন্যান্য খরচসহ ট্রেনিং খরচ ১,৫০,০০০/ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং বোয়েসেলের সার্ভিস চার্জ ১৫,০০০/-(পনেরো হাজার) টাকা।

(৭) পাসপোর্ট না থাকলেও আবেদন করা যাবে তবে নির্বাচিত প্রার্থীদের পরে নিজ দায়িত্বে পাসপোর্ট করতে হবে।

(৮) ফ্রি খাওয়া ও বাসস্থান সুবিধাসহ ৩ মাস মেয়াদী হাউজ কিপিং ও ক্যান্টনিজ ভাষার উপরে অভিজ্ঞ প্রশিক্ষক দ্বারা প্রশিক্ষণ দেওয়া হবে।

(৯) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণ প্রবাসী কল্যাণ ব্যাংক থেকে শর্তসাপেক্ষে ঋণ নিতে পারবেন।

আগ্রহী মহিলা প্রার্থীদেরকে hongkongevboesl@gmail.com ইমেইল-এ বায়োডাটা প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

বায়োডাটার বিস্তারিত বোয়েসেল ওয়েবসাইট www.boesl.gov.bd দেখুন।

ফোন নম্বর: +৮৮-০২-৪৮৩১৯১২৫, ৯৩৩৬৫০৮ ও ৪৮৩১৭৫১৫

আদেশক্রমে

০৮.৩.২০২০

মো. সেলিম মোল্লা
(উপসচিব)
মহাব্যবস্থাপক
বোয়েসেল, ঢাকা।

জি-৪১৪/২০ (৮ x ৩)

বাংলাদেশ প্রতিদিন, প্রকাশকাল ১০/৩/২০২০ খ্রি, পৃষ্ঠা নং- ০২